অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/19/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো DOT এর কর্মী ম্যাট হাও এর সম্মানে পতাকা অর্ধ-মাস্তুলে অবনমিত রাখার নির্দেশ দিয়েছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্কের পরিবহন বিভাগের রক্ষণাবেক্ষণের কর্মী টিওগা কাউন্টির ওয়েগোর ডেনিস (ম্যাট) হাওকে সম্মান জানাতে পতাকা অর্ধ-মাস্তুলে অবনমিত রাখার নির্দেশ দিয়েছেন সকল স্টেট সরকারি ভবনগুলিতে, গত বুধবার আঘাতের কারণে ম্যাট মারা যান যখন একটি ট্রাক্টর ট্রেলার এবং পরিবহণ বিভাগের (Department of Transportation, DOT) একটি ট্রাকের মধ্যে সংঘর্ষ হয় 13 মার্চ টিওগা কাউন্টির কাজের ক্ষেত্রে। আজ 19-এ মার্চ, সমাধি ক্রিয়া সম্পন্ন হওয়া পর্যন্ত পতাকা অর্ধনমিত থাকবে।

"ম্যাট হাও একজন একনিষ্ঠ সরকারী কর্মচারী এবং পরিবহন বিভাগের কর্মী ছিলেন, তার মৃত্যুতে আমি দুঃখ পেয়েছি, তিনি গত রাতে মারা যান কর্ম ক্ষেত্রে একটি DOT ট্রাকের সাথে ট্র্যাক্টর ট্রেলারের সংঘর্ষে।

2006 সাল থেকে, ম্যাট DOT-র অঞ্চল 9 এবং নিউ ইয়র্ক স্টেটের জনগণকে সম্মানের সাথে পরিষেবা প্রদান করেছে। একজন রক্ষণাবেক্ষণের কর্মী হিসাবে, তিনি সব কাজেই সিদ্ধহস্ত ছিলেন এবং সব সময় তার দলের জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিতে উদগ্রীব থাকতেন।

তাঁর মৃত্যু হ'ল আমাদের কর্মীরা প্রতিদিন প্রকৃতির থেকে এবং রাস্তায় যে বিপদগুলির মুখোমুখী হন তার দুঃখজনক অনুস্মারক যখন তারা সব সময় একে অপরের নিরাপত্তার দিকে নজর রাখেন। নিউ ইয়র্কের হাইওয়েগুলিকে নিরাপদ রাখার জন্য আমাদের রক্ষণাবেক্ষণ বাহিনী যেভাবে কাজ করে তাতে দৈনন্দিন বলে কিছু হয় না এবং আমাদের যারা বেপরোয়াভাবে আমাদের কর্মীদের জীবন ও নিরাপত্তা বিপন্ন করে তাদের প্রতি আমাদের সহনশীলতা শূন্য। এই বছর আমি পরিবহন কর্মীদের জন্য আরো কঠোর নিরাপত্তার আহ্বান জানিয়েছিলাম এই বার্তা স্পষ্টভাবে জানাতে যে নিউ ইয়র্ক আমাদের শ্রমিকদের সাথেই কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়াবে।

ম্যাট হাও এবং নিউ ইয়র্কের মানুষের প্রতি তার সেবার সম্মানে, আমি এই মহান রাষ্ট্র জুড়ে পতাকাগুলি অর্ধ-মাস্তুলে অবনমিত রাখার নির্দেশ দিচ্ছি। নিউ ইয়র্কের পুরো পরিবারের পক্ষ থেকে, আমি তার বন্ধুদের, সহকর্মীদের এবং প্রিয়জনদের গভীর সমবেদনা জানাচ্ছি, যাদের তিনি পিছনে ফেলে গেলেন।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন